

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

### কোরিয়ান বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের প্রি-ফিজিবিলিটি স্টাডির প্রতিবেদন উপস্থাপনকালে মেয়র নগরীর বর্জ্য ব্যবস্থাপনা ক্ষেত্রে আধুনিক প্রযুক্তিগত উৎকর্ষ সাধন করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, পৃথিবীর জলবায়ু পরিবর্তনের ফলে সারা বিশ্বসহ বাংলাদেশ আজ ভারসাম্য হীন অবস্থানে আছে। এ কারণে টেকসই উন্নয়নের স্বার্থে চট্টগ্রাম নগরীর বর্জ্য ব্যবস্থাপনা ক্ষেত্রে আধুনিক প্রযুক্তিগত উৎকর্ষ সাধন করতে হবে। চট্টগ্রাম হচ্ছে বাংলাদেশের অর্থনীতির স্বর্ণদ্বার। এ বিবেচনায় চট্টগ্রামকে আধুনিক বিশ্বমানের নগরীতে পরিণত করতে হবে। এক্ষেত্রে কোরিয়ান ইনভারনম্যান্ট ইন্ডাস্ট্রি এণ্ড টেকনোলজী ইনিস্টিটিউট একটি প্রাক সম্ভাব্যতা যাচাই কার্য সম্পাদন করেছেন। যার মাধ্যমে আমরা অনেক কিছু অবহিত হয়েছি। এর মধ্যে যা অপরিপূর্ণতা আছে তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন পর্যবেক্ষণ করে একটি টেকসই বর্জ্য ব্যবস্থাপনার পরিকল্পনা গ্রহণ করবে। এর মধ্যদিয়ে চট্টগ্রাম নগরীতে একটি আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা কমুসূচি বাস্তবায়ন করা সম্ভব হবে। আজ বুধবার সকালে নগরীর জিইসি মোড়স্থ একটি রেস্তোরাঁতে বিশ্বব্যাংক ও কোরিয়ান বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্পের প্রি-ফিজিবিলিটি স্টাডির অন্তর্বর্তী প্রতিবেদন উপস্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন-চসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান রাজস্ব কর্মকর্তা মোহাম্মদ নজরুল ইসলাম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. আলী আকবর, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, মীর্জা ফজলুল কাদের, জয়সেন বড়ুয়া, স্থপতি আবদুল্লাহ আল ওমর, অতি. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, উপপ্রধান পরিচালক কর্মকর্তা মোরশেদুল আলম, কোরিয়ান টেকনোলজী ইন্ডাস্ট্রি গোলাম সরওয়ার, মুনির আলম চৌধুরী প্রমুখ।

সভাপতির বক্তব্যে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনাকে একটি শৃঙ্খলার মধ্যে আনার চেষ্টা করছি। এই অবস্থায় কোরিয়ান ইনভারনম্যান্ট ইন্ডাস্ট্রি এণ্ড টেকনোলজী ইনিস্টিটিউট বর্জ্য ব্যবস্থাপনার উপর প্রাক-সম্ভাব্যতা যাচাইয়ের যে প্রতিবেদন তৈরী করেছেন। সে বিষয়টি নিয়ে আমরা আরো পর্যবেক্ষণ করবো। তবে আমাদের ভূমির স্বল্পতা বিবেচনা করে এবং মেডিকেল বর্জ্য আলাদা করে প্রকল্প বাস্তবায়নে গুরুত্ব দিতে হবে বলে তিন অভিমত ব্যক্ত করেন।

#### চসিক ভ্রাম্যমাণ আদালত

### রাস্তা ও ফুটপাতে মালামাল রাখার দায়ে

### ৬ ব্যক্তিকে ২৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে কদমতলী এলাকায় রাস্তা ও ফুটপাতে দখল করে দোকানের মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

#### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩